তারিখ 09 JAN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

# কারমাইকেল কলেজে অবরোধ ও বিক্ষোভ

■ রংপুর প্রতিনিধি

রংপুর কারমাইকেল কলেজে মাস্টার্স ভর্তিতে পূর্বের নিয়ম বহাল রাখার দাবিতে অবরোধ, বিক্ষোভ মিছিল ও অধ্যক্ষের কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালিত হয়েছে। গত বৃহস্পতিবার আন্দোলনরত শিক্ষার্থীরা ভর্তি হতে আসা শিক্ষার্থীদের বুথের কার্যক্রম বন্ধ করে দেয়। পরবর্তীতে ভর্তি হতে আসা শিক্ষার্থীরা আন্দোলনকারীদের সাথে সংহতি জানায়। পরে এক বিক্ষোভ মিছিল গোটা ক্যাম্পাস প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে শেষ হয়। এ সময় সেখানে অধ্যক্ষের কার্যালয়ের সামনে অবস্থান সমাবেশ অনুষ্ঠিত হয়। ভর্তিচ্ছু শিক্ষার্থী মেঘনাথ রায়ের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জেলা সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, কারমাইকেল কলেজ শাখার সভাপতি আবু রায়হান বকসী প্রমুখ।